# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪১২৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৬৩৯]

২৭। মানৎ (كتاب النذر)

পরিচ্ছেদঃ ২. মানৎ করার নিষেধাজ্ঞা, আর তা কিছু ফিরিয়ে দেয় না

باب النَّهْىِ عَنِ النَّذْرِ، وَأَنَّهُ، لاَ يَرُدُّ شَيْئًا

আরবী

وَحَدَّثَنِي زُهَيْرُ بْنُ حَرْبٍ، وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، قَالَ إِسْحَاقُ أَخْبَرَنَا وَقَالَ، زُهَيْرٌ حَدَّثَنَا جَرِيرٌ، عَنْ مَنْصُورٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، قَالَ أَخَذَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَوْمًا يَنْهَانَا عَنِ النَّذْرِ وَيَقُولُ " إِنَّهُ لاَ يَرُدُّ شَيْئًا وَإِنَّمَا يُسْتَخْرَجُ بِهِ مِنَ الشَّحِيحِ " .

বাংলা

৪১২৯-(২/১৬৩৯) যুহায়র ইবনু হারব ও ইসহাক ইবন ইবরাহীম (রহঃ) ..... আবদুল্লাহ ইবনু উমার (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক সময় আমাদেরকে মানৎ করতে বারণ করতেন এবং বলতেন যে, তা (তাকদীরের) কিছুই ফিরিয়ে দেয় না। তবে এর মাধ্যমে কৃপণের হাত থেকে কিছু বের করা হয়।* (ইসলামিক ফাউন্ডেশন ৪০৯১, ইসলামিক সেন্টার ৪০৯০)

## English

'Abdullah b. Umar reported:
Allah's Messenger (may peace he upon him) singled out one day forbidding us to take vows and said: It would not avert anything; it is by which something is extracted from the miserly person.

ফুটনোট

* ইমাম নাবাবী (রহঃ) বলেন এতে মুসলিমদের ইজমা রয়েছে যে, মানৎ করা চলে এবং তা আদায় করা ওয়াজিব। তবে পাপের কাজে মানৎ করা এবং তা পূরণ করা কোনটি করা যাবে না। সাহাবী সা’দ (রাযিঃ) এর মায়ের মানৎ- এ ব্যাপারে সাধারণ হুকুমভূক্ত। (মুখতাসার শারহে মুসলিম আল্লামা ওয়াহীদুজ্জামান, ৪র্থ খণ্ড, ৪৬৫

পৃঃ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=51212

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন